বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
Bangabandhu Sheikh Mujib Medical University
শাহবাগ, ঢাকা-১০০০

নং- বিএসএমএমইউ/২০২৩/১১৭৫৮ তারিখঃ ১১-০৯-২০২৩ খ্রিঃ

# অনুষদের ডীন নির্বাচন-২০২৩ খ্রিঃ

## নির্বাচনী অনুসূচী/তফসিল

| ক্রঃ নং | বিষয় | তারিখ ও সময় | স্থান |
|---|---|---|---|
| ১। | খসড়া ভোটার তালিকা প্রকাশ | ১১-০৯-২০২৩ খ্রিঃ (সোমবার) অফিস চলাকালীন সময়ে | সকল বিভাগীয় অফিস/বিভাগীয় প্রধান-এর কার্যালয় |
| ২। | বিভিন্ন সংশোধনী বা বাদ পড়া ভোটারদের আবেদনের সময় | ১৪-০৯-২০২৩ খ্রিঃ (বৃহস্পতিবার) অফিস চলাকালীন সময়ে | নির্বাচন কমিশন এর কার্যালয়, ব্লক-বি, কক্ষ নং-২৩৩,(৩য় তলা) |
| ৩। | চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ | ১৭-০৯-২০২৩ খ্রিঃ (রবিবার) অফিস চলাকালীন সময়ে | সকল বিভাগীয় অফিস/বিভাগীয় প্রধান-এর কার্যালয় |
| ৪। | মনোনয়নপত্র সংগ্রহ ও জমাদান | ১৮-০৯-২০২৩ খ্রিঃ (সোমবার) থেকে ১৯-০৯-২০২৩ খ্রিঃ (মঙ্গলবার) পর্যন্ত অফিস চলাকালীন সময়ে প্রতিদিন | নির্বাচন কমিশন এর কার্যালয়, ব্লক-বি, কক্ষ নং-২৩৩,(৩য় তলা) |
| ৫। | মনোনয়নপত্র বাছাই | ২০-০৯-২০২৩ খ্রিঃ (বুধবার) অফিস চলাকালীন সময়ে | নির্বাচন কমিশন এর কার্যালয়, ব্লক-বি, কক্ষ নং-২৩৩,(৩য় তলা) |
| ৬। | প্রাথমিক বৈধ প্রার্থী তালিকা প্রকাশ | ২১-০৯-২০২৩ খ্রিঃ (বৃহস্পতিবার) অফিস চলাকালীন সময়ে | নির্বাচন কমিশন এর কার্যালয়, ব্লক-বি, কক্ষ নং-২৩৩,(৩য় তলা) |
| ৭। | প্রাথমিক বৈধ প্রার্থী তালিকা সম্পর্কে আপত্তি (যদি থাকে) গ্রহণ | ২৪-০৯-২০২৩ খ্রিঃ (রবিবার) অফিস চলাকালীন সময়ে | নির্বাচন কমিশন এর কার্যালয়, ব্লক-বি, কক্ষ নং-২৩৩,(৩য় তলা) |
| ৮। | মনোনয়নপত্র প্রত্যাহার | ২৬-০৯-২০২৩ খ্রিঃ (মঙ্গলবার) অফিস চালকালীন সময়ে | নির্বাচন কমিশন এর কার্যালয়, ব্লক-বি, কক্ষ নং-২৩৩,(৩য় তলা) |
| ৯। | চূড়ান্ত বৈধ প্রার্থী তালিকা প্রকাশ | ২৭-০৯-২০২৩ খ্রিঃ (বুধবার) অফিস চলাকালীন সময়ে | সকল বিভাগীয় অফিস/বিভাগীয়-প্রধান এর কার্যালয় |
| ১০। | নির্বাচন অনুষ্ঠান | ০৭-১০-২০২৩ খ্রিঃ (শনিবার) সকাল ০৯:০০টা থেকে বেলা ০২:০০ টা | বিশ্ববিদ্যালয়ের 'এ' ব্লকস্থ অডিটোরিয়াম হল (২য় তলা) |
| ১১। | প্রাথমিক ফলাফল ঘোষণা | ০৭-১০-২০২৩ খ্রিঃ (শনিবার) | বিশ্ববিদ্যালয়ের 'এ' ব্লকস্থ অডিটোরিয়াম হল (২য় তলা) |

(মুহাম্মদ সালাহ্ উদ্দিন সিদ্দিক)
অতিরিক্ত রেজিস্ট্রার ও সদস্য-সচিব,
নির্বাচন কমিশন, ডীন নির্বাচন-২০২৩খ্রি.
বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

# অনুষদের ডীন নির্বাচন-২০২৩ খ্রিঃ

নির্বাচনের নিয়মাবলী ও আচরণবিধি ঃ

০১. এই বিশ্ববিদ্যালয়ে (ডীন নির্বাচন অধ্যাদেশ অনুযায়ী) নিয়মিত কর্মরত অধ্যাপক, (চুক্তিভিত্তিক নিয়োজিত অধ্যাপকসহ) সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক (স্ববেতনে সহকারী অধ্যাপকসহ) ও প্রভাষকগণই বৈধ ভোটার হিসাবে পরিগণিত হবেন।

০২. বৈধ ভোটার হিসাবে পরিগণিত শিক্ষকগণই নিজ নিজ অনুষদের ডীন নির্বাচনে ভোটার হতে এবং ভোট দিতে পারবেন। এক অনুষদের শিক্ষক অন্য অনুষদের ডীন নির্বাচনে ভোটার হতে পারবেন না।

০৩. প্রত্যেক অনুষদের অন্তর্ভুক্ত যেকোনো বিভাগে নিয়মিতভাবে নিয়োজিত অধ্যাপক এবং সহযোগী অধ্যাপকগণই কেবলমাত্র সংশ্লিষ্ট অনুষদের ডীন নির্বাচনে প্রার্থী হতে পারবেন। এক অনুষদের অধ্যাপক/সহযোগী অধ্যাপক অন্য অনুষদের ডীন নির্বাচনে প্রার্থী হতে পারবেন না।

০৪. নির্বাচনের জন্য প্রণীত খসড়া ভোটার তালিকা সকল বিভাগীয় অফিস/বিভাগীয় প্রধানের নিকট বিতরণ করা হলে যথাযথভাবে খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে বলে গণ্য হবে।

০৫. ডীন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে ইচ্ছুক প্রার্থীগণ নির্বাচন কমিশনার- এর কার্যালয় থেকে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পর লিখিত আবেদনের মাধ্যমে ভোটার তালিকা সংগ্রহ করতে পারবেন।

০৬. কর্তব্যরত ও নৈমিত্তিক ছুটি ব্যতীত অন্য কোনো ছুটিতে থাকা শিক্ষক মনোনয়নপত্র জমা দিতে পারবেন না। মনোনয়নপত্রে একজন ভোটার কর্তৃক প্রার্থিতার প্রস্তাব, অন্য একজন ভোটার কর্তৃক সমর্থন এবং নির্বাচনে প্রার্থী হওয়ার ব্যাপারে প্রার্থীর লিখিত সম্মতি থাকতে হবে। কোনো ভোটার একাধিক প্রার্থীর প্রস্তাবক অথবা একাধিক প্রার্থীর সমর্থক হতে পারবেন না।

০৭. প্রত্যেক ভোটার নির্ধারিত তারিখ ও সময়ে ভোট কেন্দ্রে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে নির্বাচন কমিশন কর্তৃক অনুমোদিত ও সরবরাহকৃত ব্যালট পেপারে গোপনভাবে ভোট প্রদান করতে পারবেন। একাধিক প্রার্থীকে ভোট প্রদান করা হলে ব্যালট বাতিল বলিয়া গন্য হবে।

০৮. প্রদত্ত ভোট অথবা কোনো প্রার্থীকে প্রদত্ত ভোট সম্পর্কে প্রিজাইডিং অফিসারের বিবেচনায়, সন্দেহ/সংশয়/অনিশ্চয়তা দেখা দিলে উক্ত ভোট বাতিল করার ক্ষমতা নির্বাচন কমিশন- এর উপর ন্যস্ত থাকবে।

০৯. কর্তব্যরত ও নৈমিত্তিক ছুটি ব্যতীত অন্য কোনো ছুটিতে থাকা অবস্থায় নির্বাচনের পূর্বের কর্মদিবসের অফিস চলাকালীন কর্তব্যে যোগদান না করলে সংশ্লিষ্ট শিক্ষক উক্ত নির্বাচনে তাঁর ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন না।

১০. ভোট প্রদান ও ভোট গণনাকালীন যেকোনো বিষয় বা অভিযোগ সম্পর্কে প্রিজাইডিং অফিসার এবং নির্বাচন কমিশনের সিদ্ধান্তই বৈধ বলে গণ্য হবে।

১১. ভোট প্রদান, বাছাই, গণনা ও ফলাফল সম্পর্কে প্রিজাইডিং অফিসার- এর নিকট থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে নির্বাচন কমিশনার নির্বাচন অনুষ্ঠানের তারিখেই প্রাথমিক ফলাফল ঘোষণা করবেন।

১২. ভোট প্রদান, ভোট বাছাই, ভোট গণনা ও ফলাফল সম্পর্কে কোনো অভিযোগ থাকলে, ফলাফল ঘোষণার পর প্রথম ২(দুই) কর্মদিবসের মধ্যে, উক্ত অভিযোগ সম্পর্কে মাননীয় ভাইস-চ্যান্সেলরের নিকট লিখিতভাবে আপিল করা যাবে। আপীলের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট বিষয়ে মাননীয় ভাইস-চ্যান্সেলর অনধিক ৭(সাত) কর্মদিবসের মধ্যে সিদ্ধান্ত গ্রহণ করবেন এবং এই ব্যাপারে তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩. নির্বাচনের ফলাফল ঘোষণার পর ফলাফল সম্পর্কে অভিযোগ উত্থাপন করার নির্দিষ্ট সময়সীমার মধ্যে কোনো আপীল না করা হলে আপীলের সময়সীমা উত্তীর্ণ হওয়ার অথবা ফলাফল সম্পর্কে কোনো আপীল করা হলে আপীলের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের সর্বাধিক ৩(তিন) কর্মদিবসের মধ্যে নির্বাচিত ডীন দায়িত্ব গ্রহণ করবেন।

১৪. নির্বাচনী প্রচারে কোনো রকম মাইক অথবা অন্য কোনো শব্দ যন্ত্র ব্যবহার করা যাবে না।

১৫. নির্বাচনী প্রচারে কোনো প্রার্থী বা প্রার্থীর পক্ষে প্রকাশ্যে কোনো রকম সভা-সমাবেশ ও মিছিল করা যাবে না।

মুহাম্মদ সাজ্জাদ সিদ্দিক
অতিরিক্ত রেজিস্ট্রার ও সদস্য সচিব
নির্বাচন কমিশন, ডীন নির্বাচন-২০২৩
বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
শাহবাগ, ঢাকা-১০০০।

১৬. নির্বাচনী প্রচারে কোনো রকম ব্যানার, পোস্টার, ফেস্টুন, স্টিকার, প্রচারপুস্তিকা, লিফলেট, দেয়াল লিখন ইত্যাদি করা যাবে না।

১৭. নির্বাচন কেন্দ্রে প্রতিদ্বন্দ্বী প্রার্থী নিজে অবস্থান করতে পারবেন এবং তাঁর মনোনীত ০২ (দুই) জন পোলিং এজেন্ট নিয়োগ করতে পারবেন। তবে একসঙ্গে এক জন প্রার্থীর একাধিক পোলিং এজেন্ট নির্বাচন কেন্দ্রে অবস্থান করতে পারবেন না।

১৮. প্রত্যেক ভোটারকে ভোট কেন্দ্রে ভোট প্রদানের সময় ভোটার পরিচয়পত্র হিসাবে বিশ্ববিদ্যালয়ের পরিচয়পত্র প্রদর্শন করতে হবে।

১৯. প্রার্থী/প্রার্থীর সমর্থক অথবা বিশ্ববিদ্যালয়ের যেকোনো শিক্ষক/চিকিৎসক/কর্মকর্তা/কর্মচারী নির্বাচন প্রক্রিয়া চলাকালীন সময়ে এমন কোনো কার্যক্রম/পদক্ষেপ/পদ্ধতি অবলম্বন করতে পারবেন না, যার ফলে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আইন শৃঙ্খলাসহ সার্বিক শিক্ষা ও চিকিৎসার পরিবেশ বিঘ্নিত হতে পারে।

## নমুনা ব্যালট

**বিঃ দ্রঃ নির্বাচন কমিশনের স্বাক্ষর ছাড়া ব্যালট বাতিল বলে গণ্য হবে।**

### ভোট প্রদানের নিয়মাবলী ঃ

ক. নির্দিষ্ট স্থানে ক্রস (X) চিহ্ন দিয়ে ভোট দিতে হবে (দু'টি রেখা পরস্পর ছেদ করলে ক্রস বলে গণ্য হবে)।
খ. ক্রসের মিলন বিন্দু যে ঘরে পড়বে, ভোটটি সে ঘরের প্রার্থীকে দেয়া হয়েছে বলে গণ্য হবে।
গ. ব্যালটে ক্রস চিহ্ন ছাড়া অন্য কোনো চিহ্ন দিলে ব্যালট বাতিল বলে গণ্য হবে।
ঘ. যে কোনো একজন প্রার্থীকে ভোট দেয়া যাবে। এক- এর অধিক প্রার্থীকে ভোট দিলে ব্যালট বাতিল বলে গণ্য হবে।

| প্রার্থীর নাম | পদবী ও বিভাগ | X চিহ্ন দেয়ার স্থান |
|---|---|---|
| ক | | X → 'ক' প্রার্থীর জন্য সঠিক ভোট |
| খ | | X → সঠিক, তবে 'খ' প্রার্থীর জন্য |
| গ | | X → বাতিল ভোট |
| ঘ | | X → সঠিক, তবে 'গ' প্রার্থীর জন্য |

(মুহাম্মদ সালাহ্ উদ্দিন সিদ্দিক)
অতিরিক্ত রেজিস্ট্রার ও সদস্য-সচিব,
নির্বাচন কমিশন, ডীন নির্বাচন-২০২৩খ্রি.
বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।